# বিদ্যালয়ে যেতে পানিপথ পাড়ি

**ধুনট (বগুড়া) প্রতিনিধি** ৩১ অক্টোবর, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ৩ মিনিটে





বগুড়ার ধুনট উপজেলার মধুরাপুর-খাদুলী সড়কে যেতে বাউনদী পার হচ্ছে শিশুরা। ছবিটি গত মঙ্গলবার তোলা। ছবি : কালের কণ্ঠ



(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw
**Getting a Job in the USA Might be Easier Than You Thi**
**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**

দুই পাশে গ্রামীণ কাঁচা সড়ক। মাঝখানে বাউ নদী। নদীর বুকে থৈথৈ করছে পানি। আর এটি হলো স্থানীয়দের চলাচলের একটি সরকারি মেঠোপথ। এই পথ মাড়িয়ে নিয়মিত যাতায়াত করতে হয় স্থানীয় একটি বিদ্যালয়ের খুদে শিক্ষার্থীদের। হাঁটু পানিতে ভরা সেই পথ। এটা হেমন্তকালের চিত্র। বর্ষাকালের চিত্রটা আরো ভয়াবহ। গতকাল বুধবার সকালে গিয়ে দেখা যায়, দল বেঁধে পানি মাড়িয়ে বিদ্যালয়ের পথে একদল

খুদে শিক্ষার্থী। পরনের প্যান্ট মুড়িয়ে সবার হাঁটুর ওপরে ওঠানো। বইগুলো একেকজন একেকভাবে ধরে রেখেছে। কেউ মাথার ওপর উঠিয়েছে। কেউবা কাঁধে, আবার অনেকেই বুকের সঙ্গে চেপে ধরেছে বইগুলো। জামা-কাপড় ও বইকে পানি থেকে রক্ষা করতে তাদের দুই হাতই থাকে ব্যস্ত। অর্থাৎ এসব শিশুর শিক্ষাজীবন অনেকটাই পানিবন্দি। বগুড়ার ধুনট উপজেলার মথুরাপুর ইউনিয়নে অবস্থিত সাতানী খাদুলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে যাতায়াত করার পথের দৃশ্যটা এরকম।

স্থানীয় সূত্রে জানা যায়, ১৯৮৯ সালে স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তিদের চেষ্টায় এলাকার মানুষের দানের জমিতে প্রতিষ্ঠা করা হয় এই শিক্ষাপ্রতিষ্ঠানটি। এরপর থেকে প্রতিষ্ঠানটি গ্রামে শিক্ষার আলো ছড়িয়ে আসছে। বর্তমানে এ প্রতিষ্ঠানে ১৩৫ জন শিক্ষার্থী রয়েছে। পাঠদান কার্যক্রমে নিয়োজিত রয়েছেন পাঁচজন শিক্ষক।

অভিশপ্ত নদীটি মথুরাপুর ও খাদুলী গ্রামের মাঝ দিয়ে বহমান। নদীর দক্ষিণ পাশেই শিক্ষাপ্রতিষ্ঠানটি। নদীর বুকে স্থায়ী সেতু নির্মাণ করা হয়নি। ফলে দুর্ভোগ পোহাতে হচ্ছে স্থানীয় ১৫-১৭ গ্রামের মানুষকে। বেশি দুর্ভোগ হচ্ছে মুমূর্ষু রোগী, স্কুল-কলেজের শিক্ষার্থী ও শিশু-বৃদ্ধদের।

স্থানীয়রা দুর্ভোগ লাঘবে দীর্ঘদিন ধরে এখানে সেতু নির্মাণের দাবি করলেও কর্তৃপক্ষ তা আমলে নিচ্ছে না। বর্তমানে পানিতে নিমজ্জিত এ পথের অবস্থা অত্যন্ত করুণ। সব মিলিয়ে খুবই দুর্ভোগে রয়েছে বিভিন্ন শ্রেণি-পেশার হাজার হাজার মানুষ।

সোহাগ, সৌরভ, রূপসী, সাদিয়া, অন্তরা, রিয়াজুল, অনামিকাসহ অনেক শিক্ষার্থীর ভাষ্য, 'এভাবে হাঁটু পানি মাড়িয়ে আর কত দিন স্কুলে যাব। অনেকের পায়ে ঘা হয়েছে। অথচ আমাদের খবর কেউ রাখে না। সরকার একটি সেতু বানিয়ে দিলেই তো পারেন। কেননা সরকার ছাড়া কেউ এখানে সেতু নির্মাণ করে দেবেন না। আর সেতু হলে আমাদের বহুদিনের কষ্ট দূর হয়ে যাবে।' সাতানী খাদুলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুল করিম বলেন, 'উপজেলা শিক্ষা অফিস ও স্থানীয় জনপ্রতিনিধিদের একাধিকবার বিষয়টি জানিয়েছি। কিন্তু অদ্যাবধি সেতু নির্মাণের জন্য কেউ এগিয়ে আসেনি।'

উপজেলার মথুরাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হারুন-অর-রশিদ সেলিম বলেন, 'বাউ নদীতে সেতু নির্মাণের জন্য অর্থ বরাদ্দ চেয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে প্রাক্কলন তৈরি করে পাঠানো হয়েছে। বরাদ্দ সাপেক্ষে সেখানে সেতু নির্মাণ করা হবে।' ধুনট উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিয়া সুলতানা বলেন, 'বাউ নদীতে সেতু নির্মাণের বিষয়টি নিয়ে সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে অর্থ বরাদ্দের জন্য দ্রুত ব্যবস্থা নেওয়া হবে।'

মন্তব্য

0 Comments Sort by Newest

Add a comment...

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw
Getting a Job in the USA Might be Easier Than You Thi
Jobs USA | Search Ads | Sponsored (https://popup.taboola.com/en/?templat

Facebook Comments Plugin

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw

**Getting a Job in the USA Might be Easier Than You Thi**

**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw

**Getting a Job in the USA Might be Easier Than You Thi**
**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw

**Getting a Job in the USA Might be Easier Than You Thi**
**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**

**ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)**
**ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)**

## You May Like

(https://healthydaily.net/?widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5d6805d4ef28641f2b0cc870&wtrd_offer_lids[]=5d680706ef2864250a50efe2&wtrd_offer_pids[]=5d6921
kalerkantho)

### Are you looking for a remedy for neck and back pain?

**Neck Relax**

(https://healthydaily.net/?widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5d6805d4ef28641f2b0cc870&wtrd_offer_lids[]=5d680706ef2864250a50efe2&wtrd_offer_pids[]=5d6921
kalerkantho)
(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&fbid=419213968647243&fbland=View&fbserp=Purchase)

### Getting a Job in the USA Might be Easier Than You Think

**Jobs USA | Search Ads**

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw

### Getting a Job in the USA Might be Easier Than You Thi

**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastwestmedia-kalerkantho&ref=taboola_eastwestmedia-kalerkantho&fbid=...&fbland=View&fbserp=Purchase)
(https://mrgadgetpro.com/?widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5b11231aef28646be933bd82&wtrd_offer_pids[]=5b3f35e1ef2864202a173653&wtrd_offer_lids[]=5b3f3fl
kalerkantho)

**Your music without wires, discover the new iHeadphones.**

**iHeadphones**

(https://mrgadgetpro.com/?
widipub_id=5aa79acd2fcedb5eb3294da2&wtrd_offer_id=5b11231aef28646be933bd82&wtrd_offer_pids[]=5b3f35e1ef2864202a173653&wtrd_offer_lids[]=5b3f3fl
kalerkantho)
(https://www.vidrise.com/?utm_source=VID-01&utm_medium=referral)

**Boost YouTube Views. Create Large Thumbnails on Facebook.**

**VidRise**

(https://www.vidrise.com/?utm_source=VID-01&utm_medium=referral)
(http://tops.easyvoyage.co.uk/taxi-driver-saves-girl-life/?utm_source=taboola&utm_campaign=desktop-joeletaxi-ww&utm_medium=cpc&utm_content=eastwestmedia-kalerkantho)

**When a 13-year-old girl gets in a taxi, the driver listens to his instincts and saves her life**

**Easyvoyage**

(http://tops.easyvoyage.co.uk/taxi-driver-saves-girl-life/?utm_source=taboola&utm_campaign=desktop-joeletaxi-ww&utm_medium=cpc&utm_content=eastwestmedia-kalerkantho)
(http://www.tripminutes.com/20-hotels-in-striking-destinations-you-must-visit/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233830902&utm_medium=referral&utm_campaign=StrikingHotels-WW-DTM-TRM-TB)

**20 Amazing Hotels In Striking Locations You Must Visit!**

**Trip Minutes**

(http://www.tripminutes.com/20-hotels-in-striking-destinations-you-must-visit/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=233830902&utm_medium=referral&utm_campaign=StrikingHotels-WW-DTM-TRM-TB)
(http://luxxory.com/25-dangerous-foods-for-those-with-high-blood-pressure/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=247582067&utm_medium=referral&utm_campaign=dangerousfoods-low-lux)

**25 Dangerous Foods for those with High Blood Pressure**

**Luxxory**

(http://luxxory.com/25-dangerous-foods-for-those-with-high-blood-pressure/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=247582067&utm_medium=referral&utm_campaign=dangerousfoods-low-lux)
(https://www.topexpensive.com/10-expensive-restaurants-world-2017/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=240253508&utm_medium=referral&utm_campaign=Restaurants-WW-DTM-TEX-TB)

**10 Most Expensive Restaurants in the World 2017**

**Topexpensive.com**

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw

**Getting a Job in the USA Might be Easier Than You Thi**

**Jobs USA | Search Ads | Sponsored (https://popup.taboola.com/en/?templat**

(https://www.topexpensive.com/10-expensive-restaurants-world-2017/?utm_source=taboola&utm_term=eastwestmedia-kalerkantho_1159850&utm_content=240253508&utm_medium=referral&utm_campaign=Restaurants-WW-DTM-TEX-TB)

সম্পাদক : ইমদাদুল হক মিলন, ভারপ্রাপ্ত সম্পাদক : মোস্তফা কামাল, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ ও [illegible] বাইপাস রোড, বগুড়া থেকে মুদ্রিত। পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, [illegible] : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com

Copyright © 2015-2019 kalerkantho.com

(http://usajobs-in-aid.fyi?sub_id=taboola_30689_System1_JobsUSA_Mobile_IN_eastw

**Getting a Job in the USA Might be Easier Than You Thi**

**Jobs USA | Search Ads** | Sponsored **(https://popup.taboola.com/en/?templat**